

উপস্থিতি সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- “ক” তে দেখানো হলঃ

সভার শুরুতে সভাপতি মহোদয় গত ২২/০৪/২০২১খ্রি তারিখের অনুষ্ঠিত সভার কার্য বিবরনী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলাপ আলোচনার পর উহা সর্বসমতিক্রমে অনুমোদিত হয়।

অদ্য ২৭/০৫/২০২১খ্রি তারিখ বেলা ১০.০০ ঘটিকার সময় অত্র পৌরসভার কার্যালয়ে অভিযোগ প্রতিকার সেল(Grievance Redress Cell-GRC)কমিটির আহবায়ক জনাব মোঃ শাহিনুর রহমান ১নং প্যানেল মেয়ার, মেহেরপুর পৌরসভার সভাপতিত্বে অভিযোগ প্রতিকার সেল(GRC) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উহার কার্য বিবরনীঃ-

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিতি সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভাকে অবগত করান যে, পানির লাইন সংযোগ, সীমানা নির্ধারণ, বৈদ্যুতিক লাইট স্থাপন, ও বিধি বিহীন গৃহ নির্মান ইত্যাদি সংক্রান্ত বিষয়ে প্রায় অভিযোগ আসতে থাকে মে/২০২১খ্রি মাসে বেশ কয়েকটি অভিযোগ এসেছে মর্মে অবগত হওয়া গেছে। এ ধরনের পরিস্থিতি বা সমস্যার সম্মুখিন প্রায়শই হতে হয় এবং সমাধানও করতে হয়। তাই আমাদের প্রতিটি কাউন্সিলের উচিত যাতে এ ধরনের অভিযোগ হ্রাস পায় সেজন্য পৌরসভার দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীদের সাথে যোগাযোগ করতঃ স্বল্প সময়ের মধ্যে সমাধান করা। এ বিষয়ে কমিটির সকল সদস্যকে সজাগ দৃষ্টি রাখা উচিত। বর্তমানে আমাদের নিকট ১২টি অভিযোগ রয়েছে। উক্ত অভিযোগগুলি নিষ্পত্তি করা প্রয়োজন। কত তারিখে কয়টার সময় এর অভিযোগগুলি নিষ্পত্তি করা যায় সে সম্পর্কে মতামত প্রদানের জন্য অনুরোধ করছি।

অত্র সভায় অভিযোগপত্র সমূহ যাচাই-বাছাই ও পরীক্ষাতে ০৫টি গুরুত্বপূর্ণ অভিযোগ রয়েছে। উক্ত অভিযোগগুলি আগামী ৩০/০৫/২০২১ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকার সময় অভিযোগগুলি নিষ্পত্তি করার সর্বসমতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হল। তাছাড়াও মৌখিক ০৪টি অভিযোগ রয়েছে। উক্ত অভিযোগগুলি সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিল মহোদয়কে সুবিধামত সময়ে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো এবং ৩০/০৫/২০২১ইং তারিখ অভিযোগগুলি নিষ্পত্তি করার লক্ষ্যে অভিযোগকারীদের উক্ত তারিখের পূর্বেই নোটিশ করা সহ অবশিষ্ট ০৭টি অভিযোগ সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগন উক্ত স্থানে যেয়ে বা পৌর কার্যালয়ে হাজির করে সমস্যার সমাধান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

পৌরসভার বিনানুমতিতে গৃহ নির্মান হচ্ছে কিনা পরিদর্শন কালে অত্র পৌরসভার ন্যাকার জনাব মোঃ মাসুদ রানা দেখতে পান যে, মোঃ আনারুল ইসলাম, পিতা মৃত জয়নাল আবেদীন, সাং-নতুনপাড়া, ০১নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা। তিনি পৌরসভায় বিনা অনুমতিতে বাড়ির সিমানায় আর সি সি ঢালাই দিয়েছেন। ফলে পৌরসভার অনুমতি গ্রহন পূর্বক রাস্তা ঢালাই করার জন্য পৌর কার্যালয় হতে নোটিশ প্রদান করা হয়েছে।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিতি সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ শাহিনুর রহমান)  
প্যানেল মেয়ার-০১, মেহেরপুর পৌরসভা  
ও আহবায়ক  
অভিযোগ প্রতিকার সেল কমিটি  
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে কার্যার্থঃ-

- ১। সকল সদস্য ..... অভিযোগ প্রতিকার সেল কমিটি, মেহেরপুর পৌরসভা।  
২। জনাব ..... কাউন্সিল(সকল) মেহেরপুর পৌরসভা।




মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।  
পরিশিষ্ট “ক”

সভার তারিখঃ ২৭/০৫/২০২১খ্রিঃ।

সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাটাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ-

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ শাহিনুর রহমান	প্যানেল মেয়ার-০১, মেহেরপুর পৌরসভা।	 27-5-21
০২	জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাগী	সংশিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর মেহেরপুর পৌরসভা।	
০৩	জনাব মোছাঃ আলপনা খাতুন	সংশিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	 27/05/21
০৪	জনাব মোঃ সাইদুর রহমান	নির্বাহী পরিচালক, রাজধানী মানব উন্নয়ন সংস্থা মেহেরপুর	
০৫	জনাব মোঃ জয়নাল আবেদীন	প্রশাসনিক কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা।	